

ওয়ার্ড সভার কার্যবিবরণী

৯ নং ওয়ার্ড উন্মুক্ত সভা

তারিখ: ২১/০১/২০২৪, সময়: বিকাল: ০৩.০০ টা

স্থান: মছলন্দপুর হিন্দুপাড়া।

সভাপতি	: জনাব মোঃ নুরুল ইসলাম মোল্যা সদস্য, ৯ নং ওয়ার্ড, কামারখালী, ইউনিয়ন পরিষদ।
উপদেষ্টা	: জনাব মোছা: আছমা বেগম সংরক্ষিত আসনের মহিলা সদস্য ৭, ৮ ও ৯ ওয়ার্ড, ১নং কামারখালী ইউনিয়ন পরিষদ
সভার তারিখ	: ২১/০১/২০২৪ খ্রি:
সময়	: বিকাল ০৩.০০ ঘটিকা

সভায় উপস্থিতির হাজিরা পরিশিষ্ট-‘ক’ ও ‘খ’

অদ্য জনাব মোঃ নুরুল ইসলাম মোল্যা, সদস্য ৯ নং ওয়ার্ড, ১নং কামারখালী ইউপি, মধুখালী, ফরিদপুর এর সভাপতিত্বে সভার কার্য শুরু হইল। সভার প্রধান অতিথি হিসাবে উপস্থিত আছেন কামারখালী ইউনিয়নের সনামধন্য চেয়ারম্যান জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী এবং ওয়ার্ডের বিভিন্ন পেশার নারী ও পুরুষ। সকলকে আমার পক্ষ থেকে আন্তরিক মোবারকবাদ। আজ এই সভা কেন ডাকা হইয়েছে? তাহা হয়তোবা কেহ অবগত আছেন, কেহ নাই। মিটিং এর উদ্দেশ্যে হইল এলাকার সার্বিক উন্নয়ন করা। আজ আমাদের মাঝে আমাদের চেয়ারম্যান মহোদয়কে পেয়েছি। তাঁর কাছ থেকে আমাদের অনেক চাওয়া পাওয়ার আছে। চেয়ারম্যান মহোদয়কে বক্তব্য দেওয়ার জন্য অনুরোধ করা হইল। বক্তব্যের শুরুতেই দৈন্য ধরে মিটিং এ উপস্থিত থাকার জন্য ধন্যবাদ দিয়া বক্তব্য শুরু করেন। তিনি বলেন আজ আমরা এখানে সমবেত হয়েছি ওয়ার্ডে সার্বিক উন্নয়নের লক্ষ্যে। আপনারা আপনাদের এলাকার উন্নয়নমূলক চাহিদার কথা বলবেন। ইউপি উন্নয়ন তহবিল কাবিখা/কাবিটা, টিআর, ADP-এর মাধ্যমে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন ও ভৌত খাতে উন্নয়ন। সকলকে খোলামেলা কথা বলার সুযোগ দেওয়া হইল। উপস্থিত জনগণের মধ্যে হইতে কাজী হারুন, আবু বক্বার মোল্যা এবং ইউপি সদস্য মোছা: আছমা বেগম সবার সমস্যার কথা তুলে ধরেন। তখন সভায় বিস্তারিত আলোচনান্তে অগ্রাধিকার এর ভিত্তিতে নিম্নলিখিত স্কীমের তালিকা প্রণয়ন করা হইল।

ক্র: নং	প্রকল্পের নাম	খাতের নাম	সম্ভাব্য ব্যয়	বাস্তবায়নকাল	মন্তব্য
০১	মছলন্দপুর গাজীখালী পিআইও ব্রীজ থেকে তহশীল অফিস অভিমুখী ইন্টের সোলিং	যোগাযোগ	১,৬৯,৬০০.০০	২০২৩-২৪	আইডিএ
০২	কামারখালী কলেজ গেট থেকে জাফর মৃধার বাড়ী পর্যন্ত মাটির রাস্তা নির্মাণ	যোগাযোগ	১,০০,০০০.০০	২০২৩-২৪	
০৩	মহাদেবের বাড়ী থেকে আকমল মৃধার বাড়ীর অভিমুখে রাস্তা নির্মাণ	যোগাযোগ	১,০০,০০০.০০	২০২৩-২৪	
০৪	বিজন দত্তের বাড়ী থেকে ভূইয়া বাড়ীর পুকুর পর্যন্ত ফ্ল্যাট সোলিং	যোগাযোগ	১,০০,০০০.০০	২০২৩-২৪	
০৫	লাল মেম্বরের বাড়ী থেকে রেল লাইন পর্যন্ত রাস্তা নির্মাণ	যোগাযোগ	১,০০,০০০.০০	২০২৩-২৪	
০৬	৯ নং ওয়ার্ডের বিভিন্ন স্থানে পানি নিষ্কাশনের জন্য পাইপ কালভার্ট স্থাপন	কৃষি	১,০০,০০০	২০২৩-২৪	
০৭	৯ নং ওয়ার্ডের বিভিন্ন স্থানে নলকূপ স্থাপন	ভৌত	১,০০,০০০	২০২৩-২৪	
০৮	যুব মহিলাদের সেলাই প্রশিক্ষণ ও সেলাই মেশিন সরবরাহ	কুটির শিল্প	১,০০,০০০	২০২৩-২৪	

২। সিদ্ধান্ত: প্রাপ্ত স্কীম/প্রকল্প সমূহ বাস্তবায়নের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপরোক্ত প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য নিম্নলিখিতভাবে ওয়ার্ড কমিটি ও স্কীম সুপারভিশন কমিটি গঠন করা হইল।

০৯ নং ওয়ার্ড কমিটি (WC)

০১	জনাব মোঃ নূরুল ইসলাম মোল্যা	ইউপি সদস্য	আহ্বায়ক	
০২	জনাব মোছা: আছমা বেগম	ইউপি সদস্য	সদস্য সচিব	
০৩	জনাব দুর্জয় কুমার চট্টোপাধ্যায়	শিক্ষক	সদস্য	
০৪	জনাব কাজী হারুন	গণ্যমান্য ব্যক্তি	ঐ	
০৫	জনাব মোঃ আবুল কাশেম ফকির	গণ্যমান্য ব্যক্তি	ঐ	
০৬	জনাব মমতাজ বেগম	সমাজকর্মী	ঐ	
০৭	জনাব মোঃ আবু বক্কার মোল্যা	বীর মুক্তিযোদ্ধা	ঐ	

স্কীম সুপারভিশন কমিটি (SSC)

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী	মন্তব্য
০১	জনাব মোঃ সহিদুল ইসলাম	গণ্যমান্য ব্যক্তি	সভাপতি	
০২	জনাব এলিনা সুলতানা	শিক্ষক	সদস্য সচিব	
০৩	জনাব পরমানন্দ বিশ্বাস	মুক্তিযোদ্ধা	সদস্য	
০৪	জনাব হাসিবুল হাসান	ইমাম	ঐ	
০৫	জনাব রাকেশ মল্লিক	স্বাস্থ্যকর্মী	ঐ	
০৬	জনাব রঞ্জিতা মিত্র	স্বাস্থ্যকর্মী	ঐ	
০৭	জনাব সুশান্ত কুমার দে	SAE	ঐ	

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ দিয়া সভার কার্য শেষ করেন।

সভাপতি

//স্বাক্ষরিত//

২১/০১/২০২৪

(মোঃ নূরুল ইসলাম মোল্যা)

আহ্বায়ক

ও

সদস্য, ৯ নং ওয়ার্ড

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।


বিতরণ:

- ১। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।
- ৪। চেয়ারম্যান, কামারখালী ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুর (স্কীম বা প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৫। জনাব.....।
- ৬। সংরক্ষণ কপি।



vivo Y20 2021

2024.01.21 15:50



GGHX+4V5, Bangladesh

Dhaka Division
Bangladesh

2024-01-21(Sun) 03:48(PM)



24°C
75°F